

**নৃশংস ৭ই মে**  
কুমুদিনী তথা মির্জাপুরবাসীর  
শোকের দিন

**PAINFUL 7<sup>TH</sup> MAY**  
A Day Of Mourning For Kumudini  
And The Villagers Of Mirzapur



(L) Placing floral wreaths at the statue of Shaheed Ranada Prasad Shaha  
and (R) at the mural of Shaheed Bhabani Prasad Shaha.

আজীবন মানবতার কল্যাণে নিজের সর্বস্ব উৎসর্গ করেও মানুষরূপী পশুদের কুদৃষ্টিতে পড়ে নির্মমভাবে জীবন দিতে হয়েছে পুত্র ভবানী প্রসাদ সাহা (রবি) সহ কুমুদিনীর প্রাণপুরুষ দানবীর রণদা প্রসাদ সাহাকে। এই কলংকিত অধ্যায় রচিত হয় বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালে ১৯৭১ সালের ৭ই মে। এভাবেই এই দু'জনকে দেশ মাতৃকার প্রতি নিঃস্বার্থ ভালোবাসার চরম মূল্য দিতে হয়। ঘটনাস্থল কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রধান কার্যালয় নারায়ণগঞ্জে। মধ্যরাতে সংঘটিত এই নির্মম ঘটনার কুশীলবরা হচ্ছে পাকিস্তানি হানাদার সেনাবাহিনী। এদের সহযোগী ছিল মির্জাপুরের রাজাকার তথা দেশীয় সাম্প্রদায়িক শক্তি।

একই দিন দুপুরে পাকিস্তানি বাহিনী ও স্থানীয় স্বাধীনতা বিরোধী রাজাকাররা মির্জাপুরে রণদা প্রসাদ সাহার গ্রামে ও পার্শ্ববর্তী এলাকায় নিরীহ মানুষদের ওপর নির্যাতন চালিয়ে ৫৯ জনকে হত্যা করে। তাদের মধ্যে ৫৭ জন হিন্দুধর্মাবলম্বী ও ২ জন মুসলিম। এই নৃশংস ঘটনার মদতদাতা স্থানীয় শান্তিবাহিনীর চেয়ারম্যান মাওলানা ওয়াদুদ, তার দুই ছেলে ও অন্যান্য রাজাকাররা। মির্জাপুর গ্রামে তারা এসেছিল দানবীর রণদা প্রসাদ সাহা ও তাঁর পুত্র ভবানী প্রসাদ সাহাকে গ্রেফতারের উদ্দেশ্যে। এই হৃদয় বিদারক ঘটনার পর এরা পিতা-পুত্রকে ঐদিন রাতে নারায়ণগঞ্জ থেকে অপহরণ করে নিয়ে হত্যা করে।

এই শোকাবহ মর্মান্তিক ৭ই মে-র স্মরণে কুমুদিনী পরিবার ও মির্জাপুরের সর্বসাধারণ প্রতি বছর দিনটিকে শোকাবহ দিবস হিসেবে পালন করে। এবারও যথাযোগ্য ভাবগম্ভীর পরিবেশে দিবসটি মির্জাপুর ও নারায়ণগঞ্জে যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালিত হয়েছে।

After a lifetime of service to humanity Ranada Prasad Shaha and his son Bhabani Prasad Shaha were brutally killed by the barbaric Pakistan Army and their cronies, the *Rajakars*. These tragic events took place during the freedom struggle of 1971, on May 7. Such was the price they paid for their unstinting love for their motherland. Mr. Shaha and his son were picked up from the Head Office of KWT at around 11:30 pm by the Pakistani Army, assisted by the *Rajakars*.

On the afternoon of same day the Pakistani Army, guided by the *Rajakars*, attacked the village of Mirzapur and its vicinity, looting and burning. As a result, 59 villagers lost their lives. The perpetrators of this vile act were the Chairman of the Peace Committee, Wadud Maulana and his sons. They had come to Mirzapur in search of Mr Shaha and his son. Not finding them there, they went on to Narayanganj, from where they abducted and killed Mr R P Shaha and his son Bhabani Prasad Shaha.

Every year, the Kumudini family as well as the villagers of Mirzapur observe this as a black day. The day is observed by all units of Kumudini in Mirzapur and Narayanganj with due solemnity. This year the day was observed as follows:

- A prayer meeting at Ananda Niketan, Mirzapur.

শহীদ দানবীর রণদা প্রসাদ সাহা ও শহীদ ভবানী প্রসাদ সাহা (রবি)-র অপহরণ ও প্রয়াণ উপলক্ষ্যে মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে গৃহীত নানা কর্মসূচির মধ্যে ছিল-

সকালে আনন্দ নিকেতন-এ প্রার্থনা সভা, দুই শহীদের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের বি পি পতি হলে আলোচনা সভা, ভারতেশ্বরী হোমস ও মেডিকেল কলেজের ছাত্রীদের স্বরচিত কবিতা পাঠ।

মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. এম এ হালিমের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় আলোচনায় অংশ নেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, প্রশাসক প্রতিভা মুৎসুদ্দি, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়, মেডিকেল কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক ডা. নিরঞ্জন চন্দ্র বসাক, কুমুদিনী নার্সিং কলেজের অধ্যক্ষ সিস্টার রিনা ক্রুজ, ভারতেশ্বরী হোমসের প্রাক্তন অধ্যক্ষ অমলেন্দু সাহা প্রমুখ।

উল্লেখ্য, উক্ত আলোচনা সভায় ১৯৭১ সালের ৭ই মে মির্জাপুর গ্রামে ঘটে যাওয়া গণহত্যা, নারী নির্যাতন, অগ্নি সংযোগ ও লুটপাটের ঘটনার প্রত্যক্ষদর্শী প্রাণ গোপাল সাহার হৃদয়স্পর্শী বর্ণনা উপস্থিত সবাইকে অশ্রুসজল করে।

দুপুরে কুমুদিনী হাসপাতালে রক্তদান কর্মসূচির আয়োজন করা হয়।

৭ই মে-র স্মরণে নারায়ণগঞ্জে রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে এক আলোচনা সভার আয়োজন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় আলোচনায় অংশ নেন রেজিস্ট্রার সরকার হীরেন্দ্র চন্দ্র, আইন বিভাগের প্রভাষক নীলাদ্রি পাইক, ব্যবসা প্রশাসন বিভাগের শিক্ষার্থী অপূর্ব হোসেন প্রমুখ। আলোচনা সভায় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তাবৃন্দ। ●



*Offering floral wreath at the statue of the founder of KWT Shaheed R P Shaha by his family members.*

- A discussion meeting in B P Pati Hall of Kumudini Women's Medical College.

- Poetry recitation by Students of B. Homes and KWMC.

Chaired by Prof. Dr M A Halim, Principal of KWMC the discussion meeting was attended (among others) by Mr Rajiv

Prasad Shaha (Managing Director, KWT), Ms Protiva Mutsuddy (Director KWT), Dr P K Roy (Director, Kumudini Hospital), Prof Dr Niranjana Chandra Basak (Vice Principal, KWMC), Sister Rina Cruz (Principal, Kumudini Nursing College) and Mr Amalendu Saha (Ex-Principal, B. Homes).

In the meeting the events of the 7<sup>th</sup> May, 1971 were discussed. A heart-rending account of the day was given by first-hand witness Pran Gopal Shaha.

In the afternoon, a blood donation programme was also arranged.

To commemorate the day, a discussion meeting was also held in the campus of Ranada Prasad Shaha University (RPSU) in Narayanganj. Chaired by the Vice Chancellor, Prof Dr Manindra Kumar Roy, the event was attended by Sarker Hirendra Chandra (Registrar, RPSU) and Niladri Paik (Lecturer, Dept of Law and Human Rights). Many other teachers, staff and students also attended the event. ●



*Prayer at Ananda Niketon Auditorium.*



*Discussion meeting at B P Pati Hall of KWMC.*

১৫ই আগস্ট

কুমুদিনীতে জাতীয় শোক দিবস পালিত

১৫ই আগস্ট জাতীয় শোক দিবস, বাংলার ইতিহাসে অন্ধকারতম অধ্যায়। বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাতবার্ষিকী। বাঙালি জাতি গভীর শোক, শ্রদ্ধা আর ভালোবাসায় স্মরণ করে স্বাধীন বাংলাদেশের স্থপতি বঙ্গবন্ধুসহ তাঁর পরিবারের সকল শহীদকে।

গোটা বাংলাদেশের সাথে মির্জাপুরে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের সকল প্রতিষ্ঠান শোক আর শ্রদ্ধায় পালন করে এই শোকাবহ দিনটি।

দিবসের কর্মসূচির মধ্যে ছিল বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, জাতীয় পতাকার অর্ধনমিত উত্তোলন, ১৫ই আগস্টের সকল শহীদের বিদেহী আত্মার শান্তি কামনায় নিরবতা পালন, ভারতেশ্বরী হোমসের ছাত্রীদের শতকণ্ঠে বঙ্গবন্ধু স্মরণে সঙ্গীত পরিবেশন এবং আলোচনা সভা।

ভারতেশ্বরী হোমসের পিপিএম হলে অনুষ্ঠিত উক্ত আলোচনা সভায় বঙ্গবন্ধুর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন বিদ্যালয়ের দ্বাদশ শ্রেণির ছাত্রী রচনা লস্কর ও একাদশ শ্রেণির ছাত্রী মালবিকা নাহার। আলোচনায় অংশ নেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক-প্রশাসক প্রতিভা মুৎসুদ্দি, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের উপাধ্যক্ষ প্রফেসর ডা. নিরঞ্জন কুমার বসাক ও ভারতেশ্বরী হোমসের অধ্যক্ষা ত্রয়ী বড়ুয়া।

জাতীয় শোক দিবসে শিক্ষার্থী ও শিক্ষকদের অংশগ্রহণে অনুরূপ কর্মসূচি পালিত হয় নারায়ণগঞ্জে রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ে। ●



*Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and his martyred family members.*

15TH AUGUST

Kumudin Observes The National Mourning Day

15<sup>th</sup> August, the day of national mourning is a black day in the history of Bangladesh. It is the 47<sup>th</sup> death anniversary of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman. On this day, the country remembers with sadness and respect, the founding father of the Nation and his family members who were brutally assassinated.

The Kumudini Family too, observes this sad day along with the entire nation.

The day was observed with due solemnity by the various units of Kumudini Welfare Trust. The day was started off by offering flowers and garlands to likenesses of Bangabandhu. The national flag was flown at half-mast. A minute's silence was also observed by all as a mark of respect to Bangabandhu and his martyred family members. The students of Bharateswari Homes raised their voices in song in memory of their sacrifice. In addition, a discussion meeting was held where the life and contributions of the Father of the Nation as well as the events of that dark

night were discussed.

In Mirzapur, a discussion meeting was held in the PPM Hall of Bharateswari Homes, where Ms Rachana Laskar, a student of Class XII and Ms Malabika Nahar, a student of Class XI, read out tributes commemorating the life and contributions as well as the tragic demise of the Father of the Nation.

Among those participating in the discussion were Ms Protiva Mutsuddy (Director, KWT and Administrator, Kumudini Complex, Mirzapur), Prof Dr Niranjana Chandra Basak (Vice Principal, KWMC), and Ms Troyee Barua (Principal, Bharateswari Homes).

A similar event was also held in the Ranada Prasad Shaha University (RPSU) campus in Narayanganj. ●



*Discussion meeting at Kumudini Women's Medical College.*



*Students of Bharateswari Homes rendering songs to commemorate the National Mourning Day.*



*Students of KWMC placing floral wreath at the mural of Bangabandhu at the premises of the institute.*



*Teachers and students of RPSU placing floral wreath at the mural of the Father of the Nation in the campus.*

## কুমুদিনী হাসপাতালে সেন্ট্রাল অক্সিজেন সাপ্লাই সিস্টেম উদ্বোধন

গত ২৪শে জুন কুমুদিনী হাসপাতালে সেন্ট্রাল অক্সিজেন সাপ্লাই সিস্টেমের আনুষ্ঠানিক উদ্বোধন হয়। উদ্বোধন করেন ঢাকায় নিযুক্ত জাপান দূতাবাসের দ্বিতীয় সচিব Mr Daichi Iwasaki; তাঁর সঙ্গে ছিলেন দূতাবাসের কনসালটেন্ট Ms Emika Pradhan.

গত বছরের ২রা মার্চ কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট ও জাপান দূতাবাসের মধ্যে স্বাক্ষরিত এক চুক্তির অধীনে এই প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে জাপান সরকার ৮৯,৯৯৯ মার্কিন ডলার অনুদান প্রদান করে। অনুদানের অর্থ ও কুমুদিনীর নিজস্ব তহবিল সহযোগে প্রকল্পটি বাস্তবায়িত হয়। উল্লেখ্য, গত বছরের ৯ই ডিসেম্বর থেকে এই প্রকল্পটি পরীক্ষামূলকভাবে চলছিল। এটি বাস্তবায়নের ফলে কুমুদিনী হাসপাতালে কেন্দ্রীয় অক্সিজেন সরবরাহের ক্ষেত্রে দীর্ঘদিনের অভাব পূরণ হলো।

উদ্বোধনকালে উপস্থিত ছিলেন হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়, ডিজিএম অনিমেস ভৌমিক, মেট্রন সিস্টার দীপালী পেরেরা, নার্সিং স্কুল এন্ড কলেজের অধ্যক্ষা সিস্টার রীনা ক্রুজ ও অন্যান্য কর্মকর্তাগণ। ●



*Inauguration of Central Oxygen Supply at Kumudini Hospital by Mr Daichi Iwasaki, Second Secretary, Embassy of Japan.*

## Inauguration Of Central Oxygen Supply System At Kumudini Hospital

Inaugural ceremony of the new Central Oxygen Supply System at Kumudini Hospital took place on 24<sup>th</sup> June, 2022. The new system was inaugurated by the 2<sup>nd</sup> Secretary of the Japanese Embassy, Mr Daichi Iwasaki, who was accompanied by Embassy Consultant Ms Emika Pradhan. The project was the result of an agreement signed between Kumudini Hospital and the Embassy of Japan on 2<sup>nd</sup> March 2021. Under the agreement the Embassy provided

funds amounting to US\$ 89,999 towards the project. Kumudini Hospital too, contributed towards the project. Here it may be mentioned that the system had been running on a test basis since 9<sup>th</sup> December, 2021. This project fulfils a long-needed requirement of the hospital and will make a major contribution towards providing better service to its patients. ●

## বিপুল সংখ্যক ভক্তের অংশগ্রহণে শ্রীশ্রীযশোমাধব দেব-এর রথযাত্রা উৎসব সম্পন্ন



*(L) On the eve of inauguration of the Rath Yatra hon'ble guests and members of the Sri Sri Yashomadhav Temple Management Committee are seen on the stage. (R) The Chariot (Rath) is being pulled by thousands of devotees to nearby Jatrabari Temple premises.*

## Rath Yatra Celebrated In Dhamrai



ঢাকার অদূরে কারুশিল্প নগরী ধামরাইয়ে সম্প্রতি যথাযোগ্য ভক্তি ও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে সম্পন্ন হয়েছে শ্রীশ্রীযশোমাধব দেব-এর প্রায় ৪০০ বছরের পুরোনো দেশের সর্ববৃহৎ রথযাত্রা উৎসব ও রথমেলা।

The Rath Yatra ceremony of Sri Sri Yashomadhav was celebrated in the town of Dhamrai, not far from Dhaka City. The 400-year-old ceremony was celebrated by thousands of devotees with due pomp and fervour.

গত ১লা জুলাই রথযাত্রা উৎসবের উদ্বোধন হয় এবং ৯ই জুলাই উল্টোরথের আনুষ্ঠানিকতা শেষে এর সমাপ্তি ঘটে। উল্লেখ্য, উৎসবের প্রথম দিন প্রত্যুষে বরাবরের মতো মির্জাপুর থেকে ধামরাই এসে ভারতেশ্বরী হোমসের ছাত্রীরা যশোমাধব দেবের মন্দিরে ভক্তিমূলক গান পরিবেশনের মাধ্যমে দিবসের সূচনা করে। তবে উৎসব শেষ হলেও ঐতিহ্যবাহী রথমেলা চলে প্রতি বছরের মতো দীর্ঘ একমাস।

এবারের রথমেলায় ১লা জুলাই এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিকল্পনা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ডক্টর শামসুল আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা-২০ আসনের সাংসদ বীর মুক্তিযোদ্ধা বেনজির আহমদ ও বাংলাদেশে নিযুক্ত ভারতের হাই কমিশনার মান্যবর বিক্রম কে দোরাইস্বামী। এছাড়া সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকার জেলা প্রশাসক মো. শহিদুল ইসলাম, ঢাকা জেলার পুলিশ সুপার মো. মারুফ হোসেন সরদার, উপজেলা চেয়ারম্যান মোহাঃ হোসেন, ধামরাই পৌরসভার মেয়র আলহাজ্ব গোলাম কবীর মোল্লা সহ গণ্যমান্য ব্যক্তিবর্গ।

উদ্বোধনী অনুষ্ঠানে বিদেশী অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন রুশ দূতাবাসের মিনিস্টার-কাউন্সেলর Ms Ekaterina Semenove, একই দূতাবাসের কাউন্সেলর ও ঢাকাস্থ রাশিয়ান হাউজের পরিচালক Mr Maxim Dobrokhotoy, নেপাল দূতাবাসের চার্জ দ্য অ্যাফেয়ার্স Mr Kumar Rai প্রমুখ।

মন্দির পরিচালনা কমিটির সভাপতি মেজর জেনারেল জীবন কানাই দাস (অবঃ) এর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মন্দির পরিচালনা কমিটির সাধারণ সম্পাদক রাজীব প্রসাদ সাহা ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ। সমগ্র অনুষ্ঠানটির উপস্থাপনায় ছিলেন মন্দির পরিচালনা কমিটির যুগ্ম-সাধারণ সম্পাদক নন্দ গোপাল সেন।



*Students of Bharateswari Homes rendering devotional songs in the temple of Yashomadhav at Dhamrai early in the morning.*

বিকেল ৫ টায় শান্তির প্রতীক পায়রা উড়িয়ে এবং ধর্মীয় রীতিনীতি অনুসরণ করে রথযাত্রা উৎসবের উদ্বোধন করা হয়। পরে কয়েক পাড়ার মাধব মন্দির থেকে মাধব বিগ্রহ ও জগন্নাথ দেব-এর প্রতিমূর্তি রথে স্থাপন শেষে প্রধান অতিথি পুরোহিতের হাতে রথের প্রতীকী রশি প্রদান করেন। অতঃপর হাজার হাজার নারী-পুরুষ ভক্তবৃন্দ রশি টেনে রথখোলার অদূরে যাত্রাবাড়ি মন্দির প্রাঙ্গণে রথটি টেনে নিয়ে যান। সেখানে ৯ দিন অবস্থানের পর পুনরায় বিগ্রহসহ রথখোলায় রথটি টেনে আনা হয়।

আইনশৃঙ্খলা বাহিনীর কঠোর নজরদারিতে রথযাত্রা উৎসব সুষ্ঠুভাবে সম্পন্ন হয়। উভয় দিনের উৎসবে কোনো প্রকার অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

The Rath Yatra ceremony started on 1<sup>st</sup> July and ended on 9<sup>th</sup> July with the Ulto Rath ceremony (return journey of Yashomadhav on Chariot).

This year, the Rath Yatra ceremony was inaugurated (on 1<sup>st</sup> July) by the State Minister for Planning Dr Shamsul Alam. Present as special guests were the MP of Dhaka-20 and Freedom Fighter Mr Benzir Ahmed, the High Commissioner of India to Bangladesh H E Mr Vikram K Doraiswamy, Ms Ekaterina Semenove, Minister Councillor of the Russian Embassy, Director of Russia House Mr Maxim Dobrokhotoy and the Charge d' Affaires of the Nepalese Embassy Mr Kumar Rai. Among other guests at the inaugural ceremony were District Commissioner of Dhaka Mr Md Shahidul Islam, Superintendent of Police (Dhaka), Mr Maruf Hossain Sardar, UZ Chairman Mr Mohaddes Hossain and the Mayor of Dhamrai City Corporation, Mr Alhaj Golam Kabir Mollah.

Presided over by the president of Temple Management Committee Maj Gen Jiban Kanai Das (Retd), the inaugural ceremony was also attended by General Secretary of the Committee Mr Rajiv Prasad Shaha, Joint Secretary Mr Nanda Gopal Sen and others.



*Prayer offered at the time of first jute baling at Narayanganj premises of KWT after inauguration of Rath Yatra ceremony.*

At 5 pm the Rath Yatra started with the release of pigeons and after completion of the appropriate religious rituals. The procession started from the Madhav temple after placing of the Image of the Gods in the Chariot. The Chariot was then pulled by thousands of devotees to its destination, where the idols remain for 9 days till Ulto Rath, at which time they are brought back to the temple.

The ceremony was conducted under strict supervision by the Police and security forces and without any untoward incidents.

উল্লেখ্য যে, শুভ রথযাত্রার পুণ্য তিথিতে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহা প্রচলিত রীতি অনুযায়ী যশোমাধব দেব-এর রথযাত্রার সূচনা উৎসব শেষে নারায়ণগঞ্জে প্রতি বছর কুমুদিনী জুট বেইলিং কাজের শুভারম্ভ হয়। জুট বেইলিং কর্মচারীদের আয়োজিত মিলাদ মাহফিলে মোনাজাতের পর জুট বেইলিং-এর উদ্বোধন করা হয়। একার উক্ত কাজের উদ্বোধন করেন শ্রী বিধান লাল দাশ (কুমার)। তিনি কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালকের মামা। ●

It may be mentioned here that on the same day, as per tradition started by Rai Bahadur Ranada Prasad Shaha, after the completion of Rath Yatra, the first Jute Baling of the year commenced in KWT's Narayanganj premises. This year the ceremony was inaugurated by Mr Bidhan Lal Das (Kumar), maternal uncle of Managing Director (KWT) Mr Rajiv Prasad Shaha. ●



*Holy Memory of Philanthropist Ranada Prasad Shaha : During Rath Yatra in 1964, the Chariot of Sri Sri Yashomadhav is being pulled by the devotees and advancing towards its destination. In the picture Rai Bahadur Ranada Prasad Shaha is seen giving direction from the Chariot. This picture is taken from a film on the ceremony held at Dhamrai in 1964.*

## নার্সিং শিক্ষায় আর্থিক সহায়তা আইএফআইসি ব্যাংক ও কুমুদিনীর মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত

## Financial Aid For Nursing Training MoU Signed Between IFIC Bank And Kumudini

গত ২৯শে মে আইএফআইসি ব্যাংক ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের মধ্যে ১.৮ কোটি টাকার একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে।

সমঝোতা স্মারক অনুযায়ী উক্ত অর্থ আইএফআইসি ব্যাংক তাদের করপোরেট সোশ্যাল রেসপন্সিবিলিটি (CSR) কর্মসূচির আওতায় ২০২২-২৩ শিক্ষাবর্ষে এক বছরের জন্য কুমুদিনী নার্সিং স্কুল অ্যান্ড কলেজের মোট ২৬৬ নার্সিং ডিপ্লোমা শিক্ষার্থীদের জন্য শিক্ষা সহায়তা হিসেবে ব্যয় করবে।

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা এবং আইএফআইসি-র পক্ষে স্বাক্ষর করেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও শাহ আলম সরওয়ার। ●



*Following signing of the MoU the Managing Director of KWT and the CEO of IFIC Bank are seen exchanging documents.*

On 29<sup>th</sup> May, 2022, an MoU was signed between IFIC Bank and Kumudini Welfare Trust. As per the MoU, IFIC bank will provide Tk. 1.8 crore (under their CSR programme) for one year. The funds will go towards the training of 266 Diploma Nurses for educational Year 2022-23.

The MoU was signed by Mr Rajiv Prasad Shaha (Managing Director, KWT) and Mr Shah Alam Sarwar (CEO, IFIC Bank). ●

## আন্তর্জাতিক সেবিকা দিবস পালিত

গত ১২ই মে ছিল নার্সিং সেবার অগ্রদূত মহীয়সী নারী ফ্লোরেন্স নাইটিঙ্গেলের ২০১তম জন্মদিন। তাঁর প্রতি শ্রদ্ধা রেখে সারা বিশ্বে দিবসটি আন্তর্জাতিক সেবিকা দিবস হিসেবে পালিত হয়।

কুমুদিনীতে নার্সিং পেশা ও শিক্ষার সঙ্গে সম্পৃক্ত সেবিকা ও শিক্ষার্থীগণ প্রতি বছরের মতো গভীর ভালোবাসা ও শ্রদ্ধায় দিবসটি উদ্‌যাপন করেন। এই উপলক্ষ্যে কুমুদিনী হাসপাতালের সকল সেবকসেবিকা ভাইবোনেরা গান গাইতে গাইতে শোভাযাত্রা করে মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে দানবীর শহীদ রণদা প্রসাদ সাহার প্রতিকৃতির সম্মুখে সমবেত হয়ে ফ্লোরেন্স নাইটিঙ্গেলের সেবা-শপথ নবায়ন করেন। শোভাযাত্রায় অংশগ্রহণ করেন কুমুদিনী নার্সিং কলেজের অধ্যক্ষা, উপাধ্যক্ষা, শিক্ষকবৃন্দ, কুমুদিনী হাসপাতালের মেট্রন প্রমুখ।

উল্লেখ্য, নার্সিং শিক্ষা ও প্রশিক্ষণের জন্য বাংলাদেশে কুমুদিনী একটি সুপরিচিত নাম। এখানে নার্সিং কোর্সগুলোর মধ্যে রয়েছে ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স অ্যান্ড মিডওয়েফারি, ডিপ্লোমা ইন নার্সিং মিডওয়েফারি, জুনিয়র ইন মিডওয়েফারি, বিএসসি ইন নার্সিং, ডিপ্লোমা ইন নার্সিং, স্পেশালাইজড নার্সিং, এমএসসি ইন নার্সিং, সিপ (SEIP) প্রকল্পের আওতায় কেয়ারগিভিং স্পেশালাইজড নার্সিং কোর্স। এসব কোর্সে শিক্ষার্থীর সংখ্যা ৯৫৮ জন। ●



*Florence Nightingale  
The Lady With The Lamp  
(12 May, 1820-13 August, 1910).*

## International Nursing Day Observed

12<sup>th</sup> May 2022 was the 201<sup>st</sup> birth anniversary of Florence Nightingale. In her honour, the day is celebrated as International Nursing Day all over the world. Like every year, the Nursing Staff and students at Kumudini Complex, Mirzapur, celebrated this day with due respect towards this great lady who revolutionised nursing. The day started with a procession with hundreds of Nurses (both staff and students) going around the complex and raising their voices in song. The Principal, Vice Principal, teachers and Matron also took part in the procession. The procession ended near the statue of Mr R P Shaha. Here the Nurses renewed their vows of service.

Here it is worth mentioning that Kumudini is a well-known name in the field of Nursing Education. Among the nursing courses taught here are: Diploma in Nursing Science and Midwifery; Diploma in Nursing Midwifery; Junior Diploma in Midwifery; BSc in Nursing; Diploma in Nursing; Specialised Nursing; MSc in Nursing and Caregiving Specialised Nursing under the auspices of the SEIP Project. All in all, there are now 958 students studying nursing in Kumudini. ●



The Nursing staff and students at Kumudini Complex brought out a procession as a part of celebration of the International Nursing Day.



The Principal, Vice Principal and teachers of Kumudini Nursing College; Matron and Nursing staff of Kumudini Hospital are seen cutting cakes to observe the 201st birth anniversary of Florence Nightingale.

## ভারতেশ্বরী হোমসে

### বইমেলা

গত ২রা জুলাই ভারতেশ্বরী হোমস ও ঢাকাস্থ শ্রাবণ প্রকাশনীর যৌথ উদ্যোগে একটি বইমেলায় আয়োজন করা হয়। দিনব্যাপী এই মেলায় মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু বিষয়ক বইয়ের প্রদর্শন ও বিক্রয় হয়।

এতে ভারতেশ্বরী হোমসের শিক্ষক-শিক্ষার্থীরা ছাড়াও কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ ও কুমুদিনী নার্সিং কলেজের শিক্ষার্থী-শিক্ষকবৃন্দ, কুমুদিনী হাসপাতালের চিকিৎসক, কুমুদিনী কমপ্লেক্সের বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

বইমেলায় শিক্ষার্থীগণ বই কিনে, বই দেখে, আবৃত্তি ও গান গেয়ে পরিবেশকে আনন্দ মুখর করে তোলে।

## Bharateswari Homes

### Book Fair

On July 2, 2022, a book fair was arranged in the campus of Bharateswari Homes. This was a joint effort by Shraavan Publications (Dhaka) and Bharateswari Homes. The day-long event showcased a selection of books on Bangabandhu and the War of Independence. Besides the students of B. Homes, the event was also attended by students from KWMC, Kumudini Nursing College, as well as doctors and staff from the different units of the Trust.

During the event visitors looked at and bought books, while the students recited poems and sang songs, lending a festive atmosphere to the event.



Book Fair arranged at the campus of Bharateswari Homes—a joint venture by Bharateswari Homes and Shravan Publication (Dhaka).

বইমেলায় সূচনা বক্তব্যে ট্রাস্টের পরিচালক-প্রশাসক প্রতিভা মুৎসুদ্দি নিজেদের গাড়িতে করে পাঠকের দোরগোড়ায় বই পৌঁছিয়ে দেয়ার শুভ উদ্যোগের জন্য শ্রাবণ প্রকাশনীকে ধন্যবাদ জানান। মেলায় এই প্রকাশনীর প্রকাশক রবিন আহসানের বক্তব্য থেকে জানা যায় তারা সারা বছর দেশের বিভিন্ন স্থানে ভ্রাম্যমাণ মেলার মাধ্যমে মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু বিষয়ক পুস্তকাদির প্রদর্শনের পাশাপাশি বিক্রয়ের ব্যবস্থা করে থাকেন।

### ছাত্রীদের শিক্ষা সফর

গত ৩০শে আগস্ট ভারতেশ্বরী হোমসের সিনিয়র শিক্ষিক হেনা সুলতানার নেতৃত্বে একাদশ ও দ্বাদশ শ্রেণির ১৫০ জন ছাত্রী ঢাকায় শিক্ষা সফরে যায়। বিদ্যাপীঠের অন্যান্য শিক্ষকরাও শিক্ষা সফরে অংশ নেন। সফরকালে তারা আগারগাঁয়ে জাতীয় বিজ্ঞান প্রযুক্তি জাদুঘর ও মুক্তিযুদ্ধ জাদুঘর পরিদর্শন করেন। এই শিক্ষা সফরের উদ্দেশ্য আমাদের মুক্তিযুদ্ধ ও বিজ্ঞান সম্পর্কে জ্ঞান অর্জন করা।

ছাত্রীরা প্রথমে জাতীয় বিজ্ঞান প্রযুক্তি জাদুঘরে যায়। সেখানে তারা বিজ্ঞান বিষয়ক গ্যালারিগুলো দেখে। সেখানে কর্তৃপক্ষ বিজ্ঞান বিষয়ক বক্তৃতা ও কুইজ প্রতিযোগিতার আয়োজন করেন। এতে ছাত্রীরা ভালো পারফরম্যান্সের জন্য পুরস্কৃত হয়। বক্তৃতার বিষয় ছিল : অতিমারিকালীন স্বাস্থ্য সুরক্ষায় টিকাদান কর্মসূচি।

তারপর সফরকারী ছাত্রীরা মুক্তিযুদ্ধ জাদুঘর পরিদর্শনে যায়। সেখানে তাদের উদ্দেশ্যে স্বাগত বক্তব্য রাখেন মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি ও সদস্য সচিব সারা যাকের। শুরুতেই ছাত্রীদের মুক্তিযুদ্ধ বিষয়ক একটি প্রামাণ্য চিত্র দেখানো হয়। ছাত্রীরা সেখানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ

মুজিবুর রহমান ও শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে ‘তুমি বাঙলার ধ্রুবতারা’ শীর্ষক একটি গীতি আলেখ্য পরিবেশন করে এবং মুক্তিযুদ্ধ জাদুঘরের বিভিন্ন গ্যালারি ঘুরে ঘুরে দেখে। সেখানেও ছাত্রীদের জন্য একটি কুইজ প্রতিযোগিতা আয়োজন করা হয় এবং তারা পুরস্কৃত হয়। ●



The participating students of Bharateswari Homes who went on a Study Tour to Dhaka.

The opening speech at the fair was given by Ms Protiva Mutsuddy (Administrator, Kumudini Complex, Mirzapur and Director, KWT). In her speech, she thanked Shravan Publications for making the books available. During his speech, Mr Robin Ahsan representing Shravan Publications mentioned that his organisation frequently arranged such events to increase awareness regarding both Bangabandhu and the War of Independence among the populace of Bangladesh.

### Students' Study Tour

150 students of Class XI and Class XII of Bharateswari Homes went on a study tour to Dhaka on 30 August 2022. The team was led by Senior Teacher Hena Sultana. Other teachers also participated. During the trip the team visited Science & Technology Museum and the Liberation War Museum located at Agargaon. The purpose of the visit was to gather knowledge in respect of our Liberation War and everyday science.

At first the students visited the National Science & Technology Museum. They went round the science related gallery. The authority there arranged for a science related speech and a quiz competition. The students were rewarded for their performance. The topic of the speech was : Vaccination Campaign During Pandemic.

This was followed by a visit to the Liberation War Museum. The welcome address was delivered by Mrs Sara Zaker the Secretary of the Liberation War Trust Museum. The students

presented a musical sketch named “You are Bengal’s Pole Star” in honour of Bangabandhu Sheikh Mujibur Rahman and the shaheeds of 1971. The students went round the different galleries of the museum. Over there a quiz competition was also arranged and the students were rewarded. ●

## আরপিএসইউ সংবাদ

### ক্যাম্পাস পরিদর্শনে ৯ বিচারপতি

গত ৩রা জুন বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রধান কার্যালয় পরিদর্শন করেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের সম্মানিত নয়জন বিচারপতি। সেদিন সকালে বিচারপতিগণ নারায়ণগঞ্জে কুমুদিনী কমপ্লেক্সে পৌঁছালে তাঁদের শুভেচ্ছা জানান কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা। কমপ্লেক্স পরিদর্শন শেষে বিচারপতিগণ শহরের শীতলক্ষ্যায় রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পরিদর্শনে যান। সেখানে তাঁরা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন, এ্যানিমেল হাউজ, মনোরম সবুজ ক্যাম্পাস এবং শিক্ষার পরিবেশ দেখে সন্তোষ প্রকাশ করেন।

এসময় বিচারপতিগণের সঙ্গে ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মনীন্দ্র কুমার রায়, রেজিস্ট্রার সরকার হীরেন্দ্র চন্দ্র প্রমুখ।



*The visiting hon'ble judges of the Supreme Court at the university campus.*

### ল ফেস্ট : ২০২২ অনুষ্ঠিত

বিশ্ববিদ্যালয়ের আইন ও মানবাধিকার বিভাগের আয়োজনে গত ২রা জুন বিশ্ববিদ্যালয়ের রবি চত্বরে দিনব্যাপী 'ল ফেস্ট : ২০২২' শীর্ষক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরপিএসইউ-এর উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায় এবং বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন নারায়ণগঞ্জ জেলা আইনজীবী সমিতির সভাপতি এ্যাড. মো. হাসান ফেরদৌস ও মুন্সীগঞ্জ জেলা আইনজীবী সমিতির সভাপতি এ্যাড. অজয় চক্রবর্তী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইন ও মানবাধিকার বিভাগের প্রধান কাজী লতিফুর রেজা।

আইন ও মানবাধিকার বিভাগের শিক্ষার্থীরা অনুষ্ঠানে একটি প্রাণবন্ত সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। শিক্ষার্থীদের পরিবেশিত নাচ, কৌতুক, লোকসংগীত, মিমি আর্টস এবং কবিতা আবৃত্তি উপভোগ করেন অতিথিবৃন্দ।

অনুষ্ঠানে আইন ও মানবাধিকার বিভাগের প্রায় ২০০ শিক্ষার্থী এবং শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

### রাশিয়ান জাতীয় কবি পুশকিনের জন্মবার্ষিকী উদ্‌যাপন

গত ৬ই জুন ঢাকাস্থ 'রাশিয়ান হাউস' এবং 'রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়' যৌথভাবে রাশিয়ার শ্রেষ্ঠ কবি ও আধুনিক রুশ সাহিত্যের প্রতিষ্ঠাতা আলেকজান্ডার সের্গেইভিচ পুশকিনের ২২৩তম জন্মবার্ষিকী উদ্‌যাপন করে।

## RPSU NEWS

### 9 Judges Visit Campus

On June 3, 2022, nine judges of the Supreme Court of Bangladesh paid a visit to Kumudini Complex, Khanpur, Narayanganj and the Ranada Prasad Shaha University (RPSU) campus in Shitalakshya. On arrival at the Khanpur premises, they were welcomed by Mr Rajiv Prasad Shaha (Managing Director, KWT). After a tour of the complex, they were taken to see the RPSU campus. The guests visited the Academic Building, the Animal House and the beautiful green surroundings. The judges were accompanied by Dr Manindra Kumar Roy (Vice Chancellor, RPSU) and Sarker Hirendra Chandra (Registrar, RPSU) among others.

### Law Fest : 2022 Celebrated

The Law Fest: 2022 was organised by the Law and Human Rights department of RPSU at Robi Terrace in the university campus on 2<sup>nd</sup> June 2022.

Dr Manindra Kumar Roy (VC, RPSU) was the Chief Guest at the event. Chaired by the Head of the Department of Law and Human Rights Mr Latifur Reza, the event was attended by Special Guests Adv Md Hasan Ferdous, Chairman of the Narayanganj Lawyers' Association and Adv Ajoy Chakraborty, Chairman of the Munshiganj Lawyers' Association.

After the speeches from the guests, the students of the Department arranged a colourful and lively cultural programme which was enjoyed by all.

The event was attended by around 200 teachers and students of the department.

### Birth Anniversary Of Russian Poet Pushkin Observed

On 6<sup>th</sup> June 2022, the 223<sup>rd</sup> birthday of the greatest Russian poet Alexander Sergeyevich Pushkin was observed at RPSU campus in an event organised jointly by RPSU and Russia House.



*Mr Rajiv Prasad Shaha, Chairman, BoT of RPSU addressing the audience while observing 223rd birthday of Alexander Sergeyevich Pushkin at RPSU.*

অনুষ্ঠানে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক ও আরপিএসইউ-এর বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান রাজীব প্রসাদ সাহা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকাস্থ রাশিয়ান হাউজের পরিচালক ম্যাক্সিম ডোব্রোখোভ (Mr Maxim Dobrokhov) বিশেষ অতিথি এবং রুশ দূতাবাসের ডেপুটি চিফ অফ মিশন মিস একেতেরিনা সেমেনোভা (Ekaterina Semenova) গেস্ট অব অনার হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের প্রথম পর্বে ছিল আলোচনা সভা। এতে আলেকজান্ডার সেগেইভিচ পুশ্কিনের উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন দৈনিক আজকের পত্রিকার উপ-সম্পাদক জাহেদ রেজা নূর এবং ধন্যবাদ জ্ঞাপন করেন উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায়। অনুষ্ঠানটি সম্বলনা করেন ব্যবসায় প্রশাসন বিভাগের প্রভাষক দিবা মণ্ডল।

এরপর প্রদর্শিত হয় পুশ্কিন ও রণদা প্রসাদ সাহার ওপর নির্মিত দু'টি প্রামাণ্য চিত্র।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ঢাকাস্থ রাশিয়ান হাউসের শিল্পীবৃন্দ ও রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা পুশ্কিন রচিত কবিতা রাশিয়ান, ইংরেজি ও বাংলা ভাষায় আবৃত্তি করে শুনান। সবশেষে পরিবেশিত হয় নৃত্য।

### সিএসই ফেস্ট : ২০২২

গত ১৪ ও ১৫ই জুন বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দু'দিন ব্যাপী সিএসই ফেস্ট : ২০২২ অনুষ্ঠিত হয়। ১৪ই জুন ফেস্টের উদ্বোধন করেন বরেণ্য শিক্ষাবিদ ও কম্পিউটার বিজ্ঞানী অধ্যাপক ড. মোহাম্মদ কায়কোবাদ। বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের আয়োজনে অনুষ্ঠিত এই ফেস্টের তত্ত্বাবধানে ছিলেন বিভাগীয় প্রধান ড. কিংকর প্রসাদ ঘোষ। তরুণ শিক্ষার্থীদের মেধার বিকাশ ঘটানোই ছিল এই উৎসবের মূল লক্ষ্য।



*Inauguration of CSE Fest : 2022.*

Mr Rajiv Prasad Shaha (MD, KWT and Chairman BoT, RPSU) was Chief Guest at the event. The Director of Russia House Mr Maxim Dobrokhov and Deputy Chief of Mission of the Russian Embassy, Ms Ekaterina Semenova were also present as special guest and Guest of Honour, respectively.

The 1<sup>st</sup> stage of the event was a discussion. Mr Zaheed Reza Noor (Deputy Editor, The Ajker Patrika) spoke on the Life, Times and Works of the poet, with the guests later participating in the discussion. In the end, a vote of thanks was given by Prof Dr Manindra Roy, (VC, RPSU). Lecturer of the Business Studies Department Ms Deebe Mondol acted as the Conductor of the Ceremony. Two documentary films on the life and times of Pushkin and KWT Founder Mr R P Shaha were shown to the audience.

In the 2<sup>nd</sup> stage of the programme, members of both Russia House and RPSU (students) recited Puskin's poems in Russian, Bengali and English. The programme ended with a dance show.

### CSE Fest : 2022

On 14<sup>th</sup> and 15<sup>th</sup> June, 2022, a CSE Fest, organised by the Computer Science and Engineering (CSE) Department of RPSU, was held at RPSU Campus. The event was inaugurated by renowned Educationist and Computer Science Engineer Prof Dr Md Kaykobad. The event was coordinated by the Head of the CSE Department, Dr Kingkar Prasad Ghose. The objective of

ফেস্ট এর কর্মসূচির মধ্যে ছিল ম্যাথ অলিম্পিয়াড, আইসিটি অলিম্পিয়াড, প্রোগ্রামিং কনটেস্ট ও আউটডোর গেমস প্রতিযোগিতা। বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের শিক্ষার্থী ছাড়াও নারায়ণগঞ্জ ও মুন্সিগঞ্জ জেলার ৭টি কলেজের শিক্ষার্থীরা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন।

সমাপ্তি দিবসে বিভিন্ন ইভেন্টে বিজয়ী প্রতিযোগীদের পুরস্কার বিতরণ করেন উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায়।

the event was to encourage and showcase the talents of the students of the CSE Department.

Among the various items in the event were Math Olympiad, ICT Olympiad, Programming Contest and Outdoor Games. Students from 7 Colleges in the Narayanganj and Munshiganj area also participated in the event.

On the final day, prizes were awarded to the winners by Prof Dr Manindra Kumar Roy, Vice Chancellor of RPSU.

### ফার্মা অ্যাসোসিয়েশনের উদ্যোগে সেমিনার

বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের ক্লাব 'ফার্মা এসোসিয়েশনের' আয়োজনে গত ১৮ই জুন 'ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজ এবং ফার্মাসিউটিক্যাল কোয়ালিটি সিস্টেমে ক্যারিয়ার সম্ভাবনা' শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

এসিআই ফার্মাসিউটিক্যাল লিমিটেডের কোয়ালিটি অ্যাসুরেন্স বিভাগের মহাব্যবস্থাপক আলতাফ হোসেন প্রধান বক্তা হিসেবে সেমিনারে বক্তব্য রাখেন। তিনি সেমিনারে ফার্মাসিউটিক্যাল শিল্পের বর্তমান পরিস্থিতি, কর্মসংস্থানের সুযোগ এবং ভবিষ্যত সম্ভাবনা সম্পর্কে শিক্ষার্থীদের বিস্তারিত ধারণা প্রদান করেন। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক মনীন্দ্র কুমার রায়। সেমিনারে সভাপতিত্ব করেন ফার্মেসি বিভাগের প্রধান ড. তরিকুল ইসলাম।

সেমিনারে ফার্মেসি বিভাগের সকল শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।



*Mr Md Altaf Hossain, the Chief Speaker of the seminar, is being offered a Memento on behalf of the Pharmacy Department of RPSU.*

### Seminar Organised By The Pharmacy Department

On 18<sup>th</sup> June 2022, RPSU's Pharmacy Club (Pharmacy Association) arranged a day-long seminar titled "Pharmaceutical Industry and Career Prospects in Pharmaceutical Quality Systems". The Chief Speaker at the event was Mr Altaf Hossain, General Manager, Quality Assurance, ACI (Advanced Chemical Industries, formerly ICI). In his speech, he elaborated on the current position of the industry, career opportunities and future possibilities of the Bangladesh Pharmaceutical Industry. The event was chaired by Dr Tariqul Islam, Head of the Department at

RPSU with Prof Dr Manindra Kumar Roy, Vice Chancellor, RPSU as Chief Guest.

All teachers and students of the Pharmacy Department were present at the event.

### বিশ্ববিদ্যালয়ের নবম প্রতিষ্ঠা বার্ষিকী

গত ৭ জুলাই বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আরপিএসইউ-র নবম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপিত হয়।

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা আবু আলম মো. শহীদ খান প্রধান অতিথি এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায় সভাপতি হিসেবে শান্তির প্রতীক পায়রা উড়িয়ে ও কেক কাটার মধ্য দিয়ে অনুষ্ঠান উদ্‌যাপন করেন। এসময় আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রণ ড. স্বপন কুমার সাহা, রেজিস্ট্রার সরকার হীরেন্দ্র চন্দ্র এবং বিভিন্ন অনুষদের ডিন, চেয়ারপারসন ও শিক্ষার্থীবৃন্দ।



*Ranada Prasad Shaha University (RPSU) celebrating its 9th Anniversary.*

### RPSU Celebrates 9<sup>th</sup> Anniversary

On July 7, 2022, RPSU celebrated its 9<sup>th</sup> anniversary. The celebratory event was chaired by Prof Dr Manindra Kumar Roy, VC, RPSU, with Mr Abu Alam Md Shaheed Khan (Advisor to KWT for Education and Healthcare) as Chief Guest.

The event started with the releasing of pigeons and cutting of a cake made for the occasion.

Among those present were Dr Swapan Kumar Saha, Controller of Examinations, RPSU and Sarker Hirendra Chandra, Registrar, RPSU, as well as the Deans and Heads of the various Departments, teachers and students.

## ফল-২০২২ সেমেস্টারের শিক্ষার্থীদের নবীনবরণ

## Freshers' Reception For The Students Of Fall -2022 Semester



*Freshers' Orientation programme for the students of Fall-2022 session.*

গত ২৩শে আগস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয় 'ফল-২০২২' সেমেস্টারের শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠান।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মনিন্দ্র কুমার রায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিটিআরসি চেয়ারম্যান শ্যামসুন্দর শিকদার।

আলোচনা ছাড়াও অনুষ্ঠানের কর্মসূচির মধ্যে অন্তর্ভুক্ত ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উপস্থাপনায় এতে পরিবেশিত হয় নৃত্য, সঙ্গীত, কবিতা আবৃত্তি ও নাটক।

এই মনোজ্ঞ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষকসহ আমন্ত্রিত অতিথিবৃন্দ। ●

The freshers' reception for the students of Fall-2022 session was held at the university campus on 23 August, 2022.

The programme was presided over by the Vice Chancellor of the university Dr Manindra Kumar Roy while Chairman BTRC Mr Shyam Sundar Shikhdar was the Chief Guest.

In addition to discussions the programme included a cultural show consisting of songs, dance and recitation of poetry.

The event was participated by the students, guardians and invited guests. ●

## কেপিএল-এর নতুন ওষুধ কফস্টার : সর্দি কাশির সিরাপ

সম্প্রতি কুমুদিনী ফার্মা লিঃ কফস্টার নামের এই সিরাপটি বাজারকৃত করেছে। এটি শুষ্ক কাশি, সর্দি ও নাসারক্তবদ্ধতা উপশমকারী একটি কার্যকরী সিরাপ।

কফস্টার এর প্রতি বোতলে ১০০ মি. লি. সিরাপ এবং একটি পরিমাপক কাপ রয়েছে।

উল্লেখ্য, সকল ওষুধ চিকিৎসকের পরামর্শে ব্যবহার্য। ●



*Kofstar*

## KPL Brings Out New Cough Medicine : Kofstar

KPL has recently launched a new drug in Syrup form called Kofstar. Kofstar relieves unproductive cough, rhinorrhea and nasal congestion.

Each bottle of Kofstar contains 100 ml syrup containing Dextromethorphan HBr, Phenylephrine HCl and Triprolidine HCl. A measuring cup is also provided.

All medicines are to be used as per physicians' instructions. ●

## বিজয়া খানের সেজ কন্যা পুতুল দাশের প্রয়াণ

দানবীর রণদা প্রসাদ সাহার জ্যেষ্ঠ কন্যা বিজয়া খানের সেজ কন্যা পুতুল দাশ গত ১০ই জুন কোলকাতায় পরলোক গমন করেন (দিব্যান লোকান স গচ্ছতুঃ)। তাঁর বয়স হয়েছিল ৭৯ বছর। তিনি ক্যানসারে ভুগছিলেন। পিতা প্রমদানাথ রায় চৌধুরীর কন্যা পুতুল দাশের স্বামী অরুণাভ দাশ। মৃত্যুকালে তিনি বৃদ্ধ স্বামী, দুই কন্যা, দুই জামাতা ও নাতি-নাতনিদের রেখে গেছেন। তাঁর শোকাহত পরিবারবর্গের প্রতি রইল আমাদের গভীর সমবেদনা। পরলোকগতার বিদেহী আত্মার চিরশান্তির জন্য পরম করুণাময়ের নিকট রইল আমাদের আন্তরিক প্রার্থনা। ●



*Mrs Putul Das*

## Demise Of Putul Das, Third Daughter Of Bijoya Khan

Mrs Putul Das, the third daughter of Mrs Bijoya Khan and granddaughter of KWT's founder Mr R P Shaha passed away on June 10, 2022 in Kolkata, India, after a long-standing battle with cancer. She was 79 years old. She left behind her husband Mr Arunava Das, two daughters, sons-in-laws and grandchildren. We of the Kumudini family express our profound grief at this tragic loss and pray to the Almighty for the departed soul. May she rest in peace. ●

## আবদুল গাফ্ফার চৌধুরীর প্রতি কুমুদিনীর শ্রদ্ধা

একুশের অমর গান ‘আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি’-এর স্রষ্টা, দেশবরেণ্য সাংবাদিক লেখক কলামিস্ট ও ভাষা সৈনিক প্রয়াত আবদুল গাফ্ফার চৌধুরীর প্রতি কুমুদিনীর পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন করা হয়।


গত ২৮ মে তাঁর মরদেহ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর থেকে ঢাকা প্রেসক্লাব হয়ে বাংলাভাষা আন্দোলনের স্মৃতি বিজড়িত কেন্দ্রীয় শহীদ মিনারে পৌঁছালে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা জানাতে সর্বস্তরের জনতার ঢল নামে। শিল্পীরা তখন গাইছিলেন তাঁর অমর সৃষ্টি ‘আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি’ গানটি। এই সময় প্রয়াত আবদুল গাফ্ফার চৌধুরীর কফিনে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে কুমুদিনীর পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন করা হয়।

কয়েক দফা জানাজা শেষে তাঁর মরদেহ মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানে তাঁর প্রয়াত স্ত্রী সেলিমা আফরোজের কবরের পাশে দাফন করা হয়।

উল্লেখ্য, গত ১ মে লন্ডনের একটি হাসপাতালে তিনি মারা যান। তাঁর বয়স হয়েছিল ৮৮ বছর। তিনি কিডনি জটিলতায় হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। জন্ম ১২ ডিসেম্বর ১৯৩৪ সালে বরিশালের মেহেন্দিগঞ্জে।

এই গুণী মানুষটি জীবদ্দশায় অনেক পুরস্কার প্রাপ্ত হয়েছেন। তন্মধ্যে ১৯৬৭ সালে একুশে পদক ও বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার, ২০০৯ সালে স্বাধীনতা পুরস্কার বিশেষভাবে উল্লেখযোগ্য।

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট তথা দানবীর রণদা প্রসাদ সাহার প্রতি আবদুল গাফ্ফার চৌধুরীর ছিল গভীর শ্রদ্ধা ও মমত্ববোধ। ২০০৯ সালের ৩১ মার্চ তিনি কুমুদিনীর ঢাকা অফিস পরিদর্শন করেন। সেখানে পৌঁছলে তাঁকে স্বাগত জানান কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক



Writer Abdul Gaffar Chowdhury  
(12 December, 1934-19 May, 2022)

## Kumudini Pays Tribute To Abdul Gaffar Chowdhury

The Kumudini family paid tribute to the writer of the immortal song “Amar Bhaiyer Rokte Rangano Ekushey February” (Oh 21<sup>st</sup> February, coloured bright with the blood of my Brothers). He passed away on May 1, 2022, at the age of 88 due to kidney

related complications at a London hospital. He was born on 12<sup>th</sup> December, 1934 in Mehendiganj, Barisal.

His body arrived at Shahajalal International Airport, Dhaka on 28<sup>th</sup> May, 2022, from where it was first taken to the Press Club and then to the Central Shaheed Minar (Shaheed Minar), a site synonymous with Language Movement. Hundreds of people came there to pay their last respects to this great man. All the while, the song "Amar Bhaiyer Rokte Rangano" was sung by a Choir. A wreath from Kumudini Welfare Trust (KWT) was also placed on his coffin.

After completion of Janaja his body was buried at the Martyred Intellectuals’

graveyard at Mirpur, Dhaka.

During his lifetime, Mr Chowdhury received many awards, including the Ekushey Award, the Bangladesh Academy Literary Award and the Independence Award (2009).

Abdul Gaffar Chowdhury was a great admirer of Mr Ranada Prasad Shaha, the Founder of Kumudini Welfare Trust. On 31<sup>st</sup> March, 2009, he visited the Dhaka Office of KWT, where he was welcomed by Mr Rajiv Prasad Shaha (Managing Director, KWT), Mrs Srimati Shaha, (Director, KWT) and Ms Protiva Mutsuddy, Director, (Director, KWT) among others. On arrival at the Dhaka office he was presented with Floral Bouquets by the students of Bharateswari Homes. The students also sang “Amar Bhaiyer Rokte Rangano Ekushey February” and other

selected songs. He expressed his deep respect for the contributions of Mr Shaha and suggested that a biography of this great philanthropist be published.

It is worth mentioning here that when in 2013, KWT brought out a commemorative book celebrating Mr R P Shaha’s life and works, Mr. Ghaffar Chowdhury contributed an article



Floral wreath is being placed on his coffin at Central Shaheed Minar on behalf of Kumudini Welfare Trust.

রাজীব প্রসাদ সাহা, পরিচালক প্রতিভা মুৎসুদ্দি ও শ্রীমতী সাহা এবং কুমুদিনীর অন্যান্য সদস্যবৃন্দ। তিনি ঢাকা অফিসে পৌঁছালে ভারতেশ্বরী হোমসের ছাত্রীরা তাঁকে ফুলেল শুভেচ্ছায় বরণ করে নেন। তাঁর আগমন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ভারতেশ্বরী হোমসের ছাত্রীরা ‘আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি’ সহ কিছু নির্বাচিত সঙ্গীত পরিবেশন করে। তখন আলোচনা পর্বে নিজের অনুভূতি প্রকাশ করে রণদা প্রসাদ সাহার মহৎ প্রচেষ্টাগুলো শ্রদ্ধার সঙ্গে তুলে ধরেন এবং দানবীরের একটি জীবনীগ্রন্থ প্রকাশ করার অনুরোধ জানান।

উল্লেখ্য, ২০১৩ সালে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের উদ্যোগে প্রায় সাড়ে তিনশ’ পৃষ্ঠার **রণদা প্রসাদ সাহা স্মারকগ্রন্থ**টি প্রকাশিত হয়। এতে আবদুল গাফফার চৌধুরী ‘ব্যক্তি নন, তিনি এখন একটি জাতীয় প্রতিষ্ঠান’ শিরোনামে একটি প্রবন্ধে কুমুদিনীর এই প্রাণপুরুষের প্রতি অন্তরের শ্রদ্ধা ব্যক্ত করেন। তিনি এই প্রবন্ধের একস্থানে উল্লেখ করেছেন: ‘আর পি সাহা মহামানুষ হয়ে জন্মাননি। ভালো-মন্দ মিশিয়ে সাধারণ মানুষ হয়েই জন্ম নিয়েছিলেন। কিন্তু নিজের সবল চরিত্রগুণে নিজেকে তিনি সাধারণ মানুষ থেকে মহামানুষে উন্নীত করতে পেরেছিলেন, এর চেয়ে বড় কৃতিত্ব আর কী হতে পারে?’

পরিশেষে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পক্ষ থেকে প্রয়াত আবদুল গাফফার চৌধুরীর বিদেহী আত্মার চির শান্তি কামনা করি এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি জানাই আমাদের গভীর সহানুভূতি। ●

titled “He is a National Institution, not just an Individual”. In it he said, “R P Shaha was born into a normal family, as an ordinary human being but through his efforts and strength of character, he raised himself to greatness. What achievement could be greater?”

We of the Kumudini family mourn the passing of this great soul. Our condolences to his family. ●



*Abdul Gaffar Chowdhury while visiting the Dhaka Office of KWT on 31 March, 2009.*

*-File Photo*

## কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের এমবিবিএস ও বিডিএস ছাত্রীদের পরিচিতি অনুষ্ঠান

## Induction Of MBBS And BDS Students At Kumudini Medical College (KWMC)



*Orientation ceremony held for the new students of MBBS and BDS at B P Pati Hall of KWMC.*

গত ৬ই আগস্ট কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের ২০২১-২০২২ সেশনের প্রথমবর্ষ এমবিবিএস ও বিডিএস ছাত্রীদের নবীনবরণ ও পরিচিতি অনুষ্ঠান কলেজের বি পি পতি হলে অনুষ্ঠিত হয়। এটি ছিল কলেজটির ২২তম এমবিবিএস ও ১১তম বিডিএস ছাত্রীদের পরিচিতি অনুষ্ঠান।

উক্ত অনুষ্ঠানে এমবিবিএস কোর্সে বাংলাদেশী ৬৬ ও ভারতীয় ৫৪ জন নবাগত ছাত্রীসহ মোট ১২০ জন ছাত্রী ও বিডিএস কোর্সে ২১ জন

On 6<sup>th</sup> August, 2022, the Freshers’welcome for the 22<sup>nd</sup> batch of MBBS and 11<sup>th</sup> batch of BDS students (Academic year 2021-22) of KWMC took place in B P Pati Hall of the KWMC campus, Mirzapur, Tangail.

In the event, a total of 120 new students for MBBS (66 Bangladeshis and 54 Indians) and 21 students for BDS and their guardians were present.

নবাগত ছাত্রী ও তাদের অভিভাবকগণ উপস্থিত ছিলেন। তাছাড়া উপস্থিত ছিলেন কলেজের শিক্ষকমণ্ডলী ও অতিথিবৃন্দ।

উক্ত অনুষ্ঠানে নবাগত ছাত্রী, দ্বিতীয় বর্ষের ছাত্রী ও নবাগত ছাত্রীদের অভিভাবকবৃন্দ বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রশাসক প্রতিভা মুৎসুদ্দি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা,

কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক ডা. নিরঞ্জন চন্দ্র বসাক, কলেজের ডেন্টাল ইউনিট প্রধান অধ্যাপক ডা. জালাল উদ্দিন মাহমুদ, বায়োকেমিস্ট্রি বিভাগের প্রধান অধ্যাপক ডা. রঞ্জন কুমার নাথ, এনাটমি বিভাগের অধ্যাপক ডা. মো. মেজবাহ উদ্দিন, পেডিয়াট্রিক ডেন্টিস্ট্রি বিভাগের প্রধান ডা. সায়মা আক্তার, ভারতেশ্বরী হোমসের অধ্যক্ষ ত্রয়ী বড়ুয়া প্রমুখ।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. মো. আবদুল হালিম। ●



A total of 120 MBBS and 21 BDS Freshers were welcomed in the ceremony.

On the occasion the new students as well as students from 2<sup>nd</sup> year MBBS, addressed the audience.

Chaired by the Principal of KWMC Prof Dr Md Abdul Halim, the event was also attended by Ms Protiva Mutsuddy (Director, KWT and Administrator, Kumudini Complex) as Chief Guest and by Mrs Srimati Shaha (Director

KWT), Prof Dr Niranjan Chandra Basak (Vice Principal, KWMC), Prof Dr Jalal Uddin Mahmud (Head of KWMC Dental Unit), Prof Dr Ranjan Kumar Nath (Head of Biochemistry Deptt.), Dr Md Mesbah Uddin (Head of Anatomy, KWMC), Dr Sayma Akhtar (Head of Paediatric Dentistry) and Ms Troyee Barua (Principal, Bharateswari Homes). ●

## SEIP প্রোগ্রামের আওতায় কুমুদিনী পরিচালিত কেয়ারগিভিং কোর্সের দু'ব্যাচের বিদায় সংবর্ধনা

গত ২৩শে আগস্ট কুমুদিনী কেয়ারগিভিং কোর্সের ব্যাচ-১ ও ২ এর সফল প্রশিক্ষার্থীদের বিদায় শুভেচ্ছা জানানো হয়। মিজাপুর কুমুদিনী কমপ্লেক্সের 'আনন্দ নিকেতন' অডিটোরিয়ামে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে প্রশিক্ষার্থীদের মধ্যে সনদপত্র বিতরণ করা হয়।

উত্তীর্ণ প্রশিক্ষার্থীদের মধ্য থেকে অনুষ্ঠানে নিজ নিজ অনুভূতি ব্যক্ত করে বক্তৃতা করেন ব্যাচ-১ এর বৃষ্টি হাজারা এবং ব্যাচ-২ এর পলি সমাদ্দার।

উল্লেখ্য, ২০২১ সালের ২৮শে অক্টোবর সরকারের অর্থ মন্ত্রণালয়ের

অর্থ বিভাগের স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP) ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট (KWT) এর মধ্যে স্বাক্ষরিত এক চুক্তির আওতায় কুমুদিনীর পরিচালনায় কেয়ারগিভিং এবং স্পেশালাইজড নার্সিং কোর্স দু'টির ব্যবস্থা হয়। অতঃপর চলতি বছরের ২৬শে ফেব্রুয়ারি এই প্রোগ্রামের আনুষ্ঠানিক উদ্বোধন হয়।

স্বাস্থ্যসেবা খাতের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে সম্পূর্ণ বিনা খরচে দেশের বেকার ও অদক্ষ যুবশক্তিকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে গড়ে তোলাই এই প্রকল্পের উদ্দেশ্য।

এশীয় উন্নয়ন ব্যাংকের ঋণ সহায়তায় কোর্সগুলো পরিচালিত হচ্ছে। ●



After successful completion of training at Kumudini the students of Batch-1 and Batch-2 of caregiving course accorded Farewell reception with certificates.

## Farewell To Two Batches Of Students Of Caregiving Course

A farewell reception was arranged for the students of the Caregiving Course Batch-1 and Batch-2 who had successfully completed the training. Certificates were handed over to the students at the programme held at the 'Ananda Niketan' Hall of Kumudini Complex.

Ms Brishti Hazra from Batch-1 and Ms Poly Samaddar from Batch-2 expressed their feelings.

Since 28 October 2021 Kumudini is conducting Caregiving course and Specialized Nursing courses

under an agreement signed between Kumudini Welfare Trust and Skills for Employment Investment Programme (SEIP) of the Ministry of Finance. The programme was formally launched on 26 February of this year.

The main aim of these courses is to develop skilled manpower from the jobless and unskilled youth of the country through a comprehensive training. The courses are being financed by Asian Development Bank. ●



**কুমুদিনী হাসপাতাল**  
**চিকিৎসা পরিসংখ্যান**  
**মে-আগস্ট : ২০২২**

**টিকাদান কর্মসূচি**

	মে	জুন	জুলাই	আগস্ট
পোলিও	৪৪৪	৪২৬	৩৯৫	৪০২
টিটি	১৩৭	১৯৫	১৮০	১৮৬
বিসিজি	১৫৪	১৬৫	১৪৪	১৭০
রুবেলা	২৩৫	২৫২	২৪৬	২৯৩
প্যান্টাভ্যালেন্ট	৪২২	৪২৪	৩৭৫	৩৭৪
পিসিভি	৪২২	৪২৪	৩৭৫	৩৭৪
এফ,আই,পি,ভি	২৮০	২৭৫	২৪৮	২৮৩

**হাসপাতালে ভর্তিকৃত রোগী**

	মে	জুন	জুলাই	আগস্ট
ভর্তি	৩৪৯২	৩৭৩৭	৩৯৭৯	৩৫৫৩

**বহির্বিভাগে মোট রোগী**

	মে	জুন	জুলাই	আগস্ট
	২৯৯৮৪	৩৪৮০৯	৩১৯৪২	৩৫৩৬২

**হাসপাতালে মৃত্যু**

	মে	জুন	জুলাই	আগস্ট
	১০০	১০২	১৩৫	১০৪

**অস্ত্রোপচার পরিসংখ্যান, সার্জারি**

	মে	জুন	জুলাই	আগস্ট
মেজর	১১৯	১২৩	১০১	১২৮
সেমি মেজর	১২	২১	১০	২২
মাইনর	২৯৪	৪২৮	৩৪৪	৩৩৪

**অর্থোপেডিক্স**

	মে	জুন	জুলাই	আগস্ট
মেজর	৪০	৬৬	৫৩	৫৪
সেমি মেজর	৩৭	২৮	৩২	৪১
মাইনর	৪৫২	৪৮৬	৫০৩	৫১২

**নাক, কান, গলা**

	মে	জুন	জুলাই	আগস্ট
মেজর	৩৩	৪৭	৩৯	৬৩
মাইনর	৬২	১০০	৫৩	৫৬

**গাইনি**

	মে	জুন	জুলাই	আগস্ট
মেজর	৩৬	৪৯	৪৯	৬৫
সেমি মেজর	৬৯	৬৬	৫৯	৫৭
মাইনর	১২	১	৩	১

**অবস্কেট্রিক্স**

	মে	জুন	জুলাই	আগস্ট
মেজর	২১৪	২০৪	২১৬	২৩৪
স্বাভাবিক	১১৮	৭৭	১১৫	১৪৫

**চক্ষু অপারেশন**

	মে	জুন	জুলাই	আগস্ট
সর্বমোট	১২৭	২৩৭	১৭১	৩৫৯

**দন্ত অপারেশন**

	মে	জুন	জুলাই	আগস্ট
মেজর	৫৬	৬৫	৭১	৮২
সেমি মেজর	২৮	২৮	১৮	১৮
মাইনর	১৫৫	২১৫	১৬৮	২০১

**মাইনর অপারেশন**

	মে	জুন	জুলাই	আগস্ট
বহির্বিভাগ	৬২১	৬১৪	৫৭৫	৭৫০

**চক্ষু শিবির**

ঠিকানা	মাস/তারিখ	পুরুষ	মহিলা	মোট
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	৭/৫/২০২২	১৫	১৯	৩৪
পঁচিশমাইল, মধুপুর	১৫/৫/২০২২	২৩	৪০	৬৩
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	৭/৬/২০২২	৫৮	৭২	১৩০
পঁচিশমাইল, মধুপুর	১৫/৬/২০২২	২৮	৪৭	৭৫
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	১৩/৭/২০২২	১১	১৪	২৫
পঁচিশমাইল, মধুপুর	১৬/৭/২০২২	২১	২৮	৪৯
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	৭/৮/২০২২	৫২	৬৮	১২০
পঁচিশমাইল, মধুপুর	১৬/৮/২০২২	৬৩	৮৭	১৫০

**Kumudini Hospital**  
**Treatment Statistics**  
**May-August : 2022**

**Vaccination Programme**

	May	June	July	August
Polio	444	426	395	402
TT	137	195	180	186
BCG	154	165	144	170
Robela	235	252	246	293
Pantavalent	422	424	375	374
PCV	422	424	375	374
FIPV	280	275	248	283

**Patient Admitted in Hospital**

	May	June	July	August
Admission	3492	3737	3979	3553

**Out Patient**

	May	June	July	August
	29984	34809	31942	35362

**Patient Death in Hospital**

	May	June	July	August
	100	102	135	104

**Operation Surgery**

	May	June	July	August
Major	119	123	101	128
Semi Major	12	21	10	22
Minor	294	428	344	334

**Orthopaedics**

	May	June	July	August
Major	40	66	53	54
Semi Major	37	28	32	41
Minor	452	486	503	512

**ENT**

	May	June	July	August
Major	33	47	39	63
Minor	62	100	53	56

**Gynae**

	May	June	July	August
Major	36	49	49	65
Semi Major	69	66	59	57
Minor	12	1	3	1

**Obstetrics**

	May	June	July	August
Major	214	204	216	234
Normal	118	77	115	145

**Eye Operation**

	May	June	July	August
Total	127	237	171	359

**Dental Operation**

	May	June	July	August
Major	56	65	71	82
Semi Major	28	28	18	18
Minor	155	215	168	201

**Minor Operation**

	May	June	July	August
Out Patient	621	614	575	750

**Eye Camp**

Address	Month/Date	Male	Female	Total
Fulbaria, Mymensingh	7/5/2022	15	19	34
Pachishmile, Modhupur	15/5/2022	23	40	63
Fulbaria, Mymensingh	7/6/2022	58	72	130
Pachishmile, Modhupur	15/6/2022	28	47	75
Fulbaria, Mymensingh	13/7/2022	11	14	25
Pachishmile, Modhupur	16/7/2022	21	28	49
Fulbaria, Mymensingh	7/8/2022	52	68	120
Pachishmile, Modhupur	16/8/2022	63	87	150